গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০

স্মারক নং-৪৬.০৪.০০০০.০০০.১০১.০৫.০০০১.২৫.৭৮৩

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/Governance Performance Monitoring System (GPMS)-প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশিকা মোতাবেক রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/Governance Performance Monitoring System (GPMS)-প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন। প্রস্তুতকৃত প্রতিবেদন মহোদয়ের পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে, ১০ (দশ) পাতা।

(মোঃ লুৎফুর রহমান)
উপ-রেজিস্ট্রার জেনারেল (যুগ্মসচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ২২৩৩৫৫৮৮৪
ই-মেইল: drg.admin@orgbdr.gov.bd

সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃ. আ. উপসচিব, প্রশাসন-১ শাখা]

**অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। উপ-রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন), জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
২। প্রোগ্রামার, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
৩। সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন ও অর্থ), জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
৪। সহকারী রেজিস্ট্রার জেনারেল (আইসিটি ও উন্নয়ন), জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
৫। সহকারী রেজিস্ট্রার জেনারেল (আইন ও গবেষণা), জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
৬। সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশিক্ষণ ও মনিটরিং), জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
৭। অফিস কপি।

## সেকশন ১

ভিশন, মিশন এবং ৩ বছর মেয়াদি পরিকল্পনা

১.৪.১ ভিশন : 'জন্ম ও মৃত্যু নিবন্ধনের মাধ্যমে দেশের সকল নাগরিকের আইনগত পরিচিতি নিশ্চিতকরণ'।

১.৪.২ মিশন : 'অনলাইনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের মাধ্যমে দেশের সকল নাগরিকের শুদ্ধ ডাটাবেইজ তৈরি করা'।

১.৪.৩ ৩ বছর মেয়াদি পরিকল্পনা :

**রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ০৩ (তিন) বৎসর মেয়াদি পরিকল্পনার ছক**

| ক্রমিক নং | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | নাগরিক সেবা প্রদান (জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধন, বাতিলসহ কারিগরি সেবা প্রদান) | ৫০০০ জন | ৬০০০ জন | ৭০০০ জন |
| ২ | জন্ম নিবন্ধন নিশ্চিতকরণ (জন্মের ১ (এক) বছরের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন) | ৮০% | ৯০% | ১০০% |
| ৩ | মৃত্যু নিবন্ধন নিশ্চিতকরণ | ৬০% | ৬৫% | ৭০% |
| ৪ | দাপ্তরিক সেবা প্রদান | কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ভাতাসহ ছুটি ১০ কর্মদিবসের মধ্যে মঞ্জুর। | কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ভাতাসহ ছুটি ১০ কর্মদিবসের মধ্যে মঞ্জুর। | কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ভাতাসহ ছুটি ১০ কর্মদিবসের মধ্যে মঞ্জুর। |
| ৫ | সাংগঠনিক কাঠামো সংশোধন | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ। বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনে জনপ্রশাসনের অনুমোদন, অর্থ বিভাগে প্রেরণপূর্বক তা অনুমোদন, সচিব কমিটির অনুমোদন, অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের জিও জারী। | বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে সৃজিত নতুন পদে নিয়োগের ব্যবস্থা গ্রহণ। |
| ৬ | নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা প্রণয়ন/সংশোধন | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ সংশোধনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ সংশোধনের জন্য স্থানীয় সরকার বিভাগে সভা আয়োজন এবং চূড়ান্ত সংশোধনের আইন | সংশোধনকৃত রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ চূড়ান্ত অনুমোদনপূর্বক গেজেট নোটিফিকেশন জারী এবং সংশোধিত নিয়োগ |

| ক্রমিক নং | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | | | মন্ত্রণালয়ে প্রেরণ এবং আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিং প্রদান। | বিধিমালা অনুযায়ী নিয়োগ কার্যক্রম গ্রহণ। |
| ৭ | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধন | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধন প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ। | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধনকল্পে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশোধনের সুপারিশ আইন মন্ত্রণালয়ে প্রেরণ। | বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধন অনুমোদনের পরে গেজেট জারী প্রকাশনা। |
| ৮ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধন | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধনের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ। | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধনের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্টেকহোল্ডার সভা আয়োজন এবং সংশোধনের সুপারিশ আইন মন্ত্রণালয়ে প্রেরণ। | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধন আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিং/পরীক্ষা অনুমোদনের ব্যবস্থা গ্রহণ এবং গেজেট জারী। |
| ৯ | সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর | ০২ টি | ০২ টি | ০২ টি |
| ১০ | সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর নবায়ন | নবায়নযোগ্য সমঝোতা স্মারক (MoU) নবায়ন | নবায়নযোগ্য সমঝোতা স্মারক (MoU) নবায়ন | নবায়নযোগ্য সমঝোতা স্মারক (MoU) নবায়ন |
| ১১ | সরাসরি নিয়োগ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ১৪ টি শূন্য পদের মধ্যে ১ম শ্রেনির ০৩ টি পদে পিএসসি'র মাধ্যমে নিয়োগের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে অধিযাচন প্রেরণ এবং ৩য় ও ৪র্থ শ্রেণির ০৩ টি পদে সরাসরি নিয়োগের ব্যবস্থা গ্রহণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ১ম শ্রেনির ০৩ টি পদে পিএসসি'র মাধ্যমে নিয়োগের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে অধিযাচন প্রেরণ এবং ১ম শ্রেণির ০১ টি পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ব্যবস্থা গ্রহণ। | মহামান্য হাইকোর্টে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ৩য় শ্রেনির ০৪ টি পদের বিপরীতে মামলা বিচারাধীন থাকায় উক্ত মামলা নিষ্পত্তিপূর্বক নিয়োগের ব্যবস্থা গ্রহণ। |
| ১২ | পদোন্নতির মাধ্যমে নিয়োগ | ০১ টি | ০১ টি | ০১ টি |
| ১৩ | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশ্লিষ্ট অংশীজনদের (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, ক্যান্টনমেন্ট বোর্ড, সিটি কর্পোরেশনের নিবন্ধক এবং নিবন্ধন সহকারীগণ) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | ৫৫০০ জন | ৬০০০ জন | ৬৩০০ জন |

| ক্রমিক নং | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১৪ | বিলবোর্ড/হোর্ডিং স্থাপন | ০৮ টি | ১২ টি | ৬৪ টি |
| ১৫ | বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন প্রকাশ | ০১ টি | ০১ টি | ০১ টি |
| ১৬ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণে প্রেরণ। | ০৫ জন | ০৫ জন | ০৫ জন |
| ১৭ | স্টেকহোল্ডারদের সমন্বয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা/সেমিনার আয়োজন | ২৪ টি | ৩০ টি | ৩৬ টি |
| ১৮ | উদ্ভাবনী ধারণা (জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে ডিজিটাল সিগনেচার প্রদান) | ৫০ টি | ১০০ টি | ১৫০ টি |
| ১৯ | অফিস স্পেস বরাদ্দ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান জনবলের (৪২ জনের) বসার জন্য বরাদ্দকৃত ০৭ টি কক্ষ যথোপযুক্ত না হওয়ায় আরো কয়েকটি কক্ষের জন্য স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সরকারি আবাসন অধিদপ্তরের পত্র প্রেরণ। | - | - |
| ২০ | BDRIS এর নতুন ভার্সন চালু | এ কার্যালয়ের জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে ব্যবহৃত BDRIS সিস্টেমটি ব্যবহারকারী-বান্ধব (User-Friendly), নিরাপদ (Secured) ও শক্তিশালী (Robust) সিস্টেম তৈরির ডিপিপি অনুমোদন। | BDRIS এর নতুন ভার্সন চালুসহ সিস্টেমের ডেভেলপমেন্টের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | বিদ্যমান BDRIS-এর New Version চালুকরণ। |
| ২১ | প্রশিক্ষণ কক্ষের ব্যবস্থা | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এবং BDRIS সফটওয়্যার বিষয়ক | প্রশিক্ষণ কক্ষ প্রস্তুতসহ চালুকরণ | - |

| ক্রমিক নং | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | | প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কক্ষ বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সরকারি আবাসন অধিদপ্তরের পত্র প্রেরণ। | | |
| ২২ | Dashboard তৈরি | BDRIS এর Dashboard নকশা প্রণয়ন | BDRIS এর Dashboard চালুকরণ | - |

## সেকশন ২

## (২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১) সেবা প্রদান (Service Delivery)-২০ | ১ | ১[১] নাগরিক সেবা প্রদান (জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধন, বাতিলসহ কারিগরি সেবা প্রদান) | সংখ্যা | ৬ | - | ৫০০০ |
| | ২ | ১[২] জন্ম নিবন্ধন নিশ্চিতকরণ (জন্মের ১ (এক) বছরের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন) | শতকরা হার | ৬ | - | ৮০% |
| | ৩ | ১[৩] মৃত্যু নিবন্ধন নিশ্চিতকরণ | শতকরা হার | ৬ | - | ৬০% |
| | ৪ | ১[৪] শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর | তারিখ | ২ | - | ৩ টি |
| ২) নীতি ও সংস্কার কার্যক্রম (Policy and Reform Activity)-২০ | ৫ | [৫] রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ। বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ। | তারিখ | ৪ | - | জুন ২০২৭ খ্রি. |
| | ৬ | [৬] রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ সংশোধনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ। | তারিখ | ৩ | - | জুন ২০২৭ খ্রি. |
| | ৭ | [৭] জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধনের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ। | তারিখ | ৩ | - | জুন ২০২৭ খ্রি. |

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| | ৮ | [৮] জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধনের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ। | তারিখ | ২ | - | জুন ২০২৭ খ্রি. |
| | ৯ | [৯] ০২ টি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর | তারিখ | ৪ | - | জুন ২০২৭ খ্রি. |
| | ১০ | [১০] এ কার্যালয়ের সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) নবায়ন | তারিখ | ৪ | - | জুন ২০২৭ খ্রি. |
| ৩) প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (Institutional Capacity and Efficiency) - ২০ | ১১ | [১১] সরাসরি নিয়োগ | সংখ্যা | ২ | - | ০৩ টি |
| | ১২ | [১২] পদোন্নতির মাধ্যমে নিয়োগ | সংখ্যা | ১ | - | ০১ টি |
| | ১৩ | ১৩[১] ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারীগণকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এবং BDRIS সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদান। | সংখ্যা | ৫ | - | ৪৩৪০ জন |
| | ১৩ | ১৩[২] পৌরসভার মেয়র, পৌর নির্বাহী কর্মকর্তাগণকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এবং BDRIS সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদান। | সংখ্যা | ২ | | ৬৮০ টি |
| | ১৩ | ১৩[৩] সিটি কর্পোরেশনের মেয়র, কাউন্সিলর এবং নিবন্ধন সহকারীগণকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এবং BDRIS সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদান। | সংখ্যা | ২ | - | ৫০০ টি |
| | ১৪ | [১৪] বিলবোর্ড/হোর্ডিং স্থাপন | সংখ্যা | ২ | - | ০৮ টি |

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| | ১৫ | [১৫] বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন প্রকাশ | সংখ্যা | ২ | - | ০১ টি |
| | ১৬ | [১৬] রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণে প্রেরণ। | সংখ্যা | ২ | - | ০৫ জন |
| | ১৭ | [১৭] স্টেকহোল্ডারদের সমন্বয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা/সেমিনার আয়োজন | সংখ্যা | ২ | - | ২৪ টি |
| ৪) উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম (Development Related & Other activities)-২০ | ১৮ | [১৮] জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে ডিজিটাল সিগনেচার প্রদানের ব্যবস্থা গ্রহণ। | তারিখ | ৩ | - | জুন ২০২৭ খ্রি. |
| | ১৯ | [১৯] রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান জনবলের (৪২ জনের) বসার জন্য বরাদ্দকৃত ০৭ টি কক্ষ যথোপযুক্ত না হওয়ায় আরো কয়েকটি কক্ষের জন্য স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সরকারি আবাসন অধিদপ্তরে পত্র প্রেরণ। | তারিখ | ৫ | - | জুন ২০২৭ খ্রি. |
| | ২০ | [২০] এ কার্যালয়ের জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে ব্যবহৃত BDRIS সিস্টেমটি ব্যবহারকারী-বান্ধব (User-Friendly), নিরাপদ (Secured) ও শক্তিশালী (Robust) সিস্টেমের ডেভেলপমেন্টের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | তারিখ | ৫ | - | জুন ২০২৭ খ্রি. |
| | ২১ | [২১] জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এবং BDRIS সফটওয়্যার বিষয়ক | তারিখ | ২ | - | জুন ২০২৭ খ্রি. |

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ কক্ষের ব্যবস্থা | | | | |
| | ২২ | [২২] BDRIS এর Dashboard তৈরি | তারিখ | ৫ | - | জুন ২০২৭ খ্রি. |

সেকশন ৩

## রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন-এর কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন

**ভূমিকা:**

বাংলাদেশের সংবিধানে প্রত্যেক নাগরিকের পাঁচটি মৌলিক অধিকার স্বীকৃত। সেগুলো হলো: অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসা। এসব অধিকার এবং অন্য যেকোনো আইনগত অধিকার পাওয়ার জন্য রাষ্ট্রীয় নাগরিক পরিচিতি থাকা আবশ্যক। জন্ম নিবন্ধন নাগরিকত্ব অধিকার লাভের আইনগত ভিত্তি প্রদান করে এবং জন্ম নিবন্ধন সনদ এর স্বীকৃত প্রমাণপত্র। জাতিসংঘ শিশু অধিকার সনদের ৭ অনুচ্ছেদে বলা হয়েছে "Every child to be registered immediate after birth" বাংলাদেশ উক্ত সনদে অন্যতম স্বাক্ষরদানকারী দেশ। বাংলাদেশের জাতীয় শিশুনীতি ২০১১-এর ৬.১০.১-এ উল্লেখ করা হয়েছে যে, "সকল শিশুর জন্মের অব্যবহিত পরই জন্ম নিবন্ধন নিশ্চিত করতে হবে"।

জন্ম নিবন্ধন নম্বর ও জন্ম নিবন্ধন সনদ ব্যক্তির পারিবারিক উত্তরাধিকার প্রমাণ ও প্রতিষ্ঠা করে। জন্ম নিবন্ধন নম্বরই একজন মানুষের জীবনের প্রথম পরিচিতি নম্বর এবং জন্ম নিবন্ধন সনদ দেশের নাগরিক হিসেবে তার জীবনের প্রথম দলিল। এ দলিল দেশের নাগরিক হিসেবে তাকে জীবনের শুরু থেকে শেষ পর্যন্ত প্রয়োজনীয় নাগরিক সুবিধা পাওয়ার ক্ষেত্রে সহায়তা করে। জন্ম ও মৃত্যু যে কোনো ব্যক্তির জীবনে অদ্বিতীয় ঘটনা বলেই এ দুটি ঘটনাকে যথাসময়ে এবং যথাযথভাবে চিহ্নিত করে নিবন্ধন করা আবশ্যক। এ কাজটি যথাযথ ও আইনানুগভাবে সম্পাদন করার জন্যই জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ প্রণীত হয়। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম অব্যাহত, গতিশীল ও টেকসইকরণের লক্ষ্যে দেশের নাগরিকদের জন্ম ও মৃত্যু তথ্যের একটি ডাটাবেইজ সংরক্ষণের স্বার্থে সরকার কর্তৃক ২০১৩ সালের সেপ্টেম্বর মাসে জন্ম ও মৃত্যু নিবন্ধন (সংশোধন) আইন, ২০১৩-এ জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধন করে রেজিস্ট্রার জেনারেল-এর কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রতিষ্ঠা করার বিধান রাখা হলে তদনুযায়ী এ কার্যালয়টি সেপ্টেম্বর, ২০১৬ সালে প্রতিষ্ঠিত হয়।

ইতোপূর্বে দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের জন্য আলাদা আলাদা জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা থাকায় তা প্রয়োগের ক্ষেত্রে সমস্যা দেখা দেয়। এ কারণে পূর্বের ৫ টি বিধিমালা একীভূত করে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৭ প্রণয়ন করা হয়। পরবর্তীতে জন্ম ও মৃত্যু নিবন্ধনকে আরো সহজিকরণের লক্ষ্যে ২০১৭ সালে প্রণীত বিধিমালায় বেশ কিছু পরিবর্তন এনে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ জারী করা হয়। ইহা ০৮ মার্চ, ২০১৮ তারিখে সরকারি গেজেটে প্রকাশিত হয়।

**লক্ষ্য ও উদ্দেশ্য:**

ক) আধুনিক, সময় সাশ্রয়ী ও ব্যবহার বান্ধব জন্ম ও মৃত্যু নিবন্ধন পদ্ধতি চালুকরণ।

খ) ব্যক্তি ও জাতীয় পর্যায়ে জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব ও আইনগত বাধ্যবাধকতার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি।

গ) অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে আরো গতিশীল, ব্যবহার বান্ধব, সেবাধর্মীকরণের জন্য বিদ্যমান সফটওয়্যার এর উন্নয়ন।

ঘ) ১৮ টি সরকারি সেবা প্রাপ্তির ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ এবং ৪ টি সেবা প্রাপ্তির ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন সনদ ব্যবহারের বাধ্যবাধকতার বিষয়টি জোরদারকরণ।

ঙ) জন্ম ও মৃত্যুর ঘটনার ৪৫ দিনের মধ্যে নিবন্ধনকরণে নাগরিকদের উৎসাহিত করে বাল্য বিবাহ, শিশু শ্রম ইত্যাদি রোধের মাধ্যমে শিশু অধিকার রক্ষায় সহযোগিতাকরণ।

চ) দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটিকর্পোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের মিশনসমূহে জন্ম ও মৃত্যু নিবন্ধনের আয় ব্যয়ের হিসাব পরিচালনা পদ্ধতির আধুনিকায়ন।

ছ) জন্ম ও মৃত্যু নিবন্ধনের তথ্যাদি ইলেক্ট্রনিক তথ্যভান্ডারে সংরক্ষণ।

**গৃহীত পদক্ষেপ:**

- দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি করপোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড, বিদেশে অবস্থিত মিশনসমূহের নিবন্ধকগণের নিকট জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশ্লিষ্ট সকল ফরম সরবরাহ নিশ্চিতকরণ;
- নিবন্ধক কার্যালয়সমূহ পরিদর্শন;
- নিবন্ধন সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধিতে কর্মসূচি গ্রহণ;
- তথ্য প্রযুক্তি বা অধিকতর উন্নত পদ্ধতির সাহায্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্য সংরক্ষণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ, স্থাপন ও সংরক্ষণ এবং এতদসংক্রান্ত কার্যপ্রণালি প্রণয়ন ও উন্নতকরণ;
- জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্যাদি আদান প্রদানের জন্য দেশি, বিদেশি, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে আন্তঃতথ্যপ্রবাহ চুক্তি সম্পাদন এবং তথ্য আদান প্রদানের জন্য কারিগরি কার্যাদি সম্পাদন;
- নিবন্ধক ও উক্ত কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্ম নিবন্ধন কাজে নিবিড়ভাবে সম্পৃক্তকরণ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
- যে সকল ক্ষেত্রে জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদের আবশ্যকতা রয়েছে তদসংশ্লিষ্ট সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা বা কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান;
- বাজেট প্রণয়ন, তহবিল সংগ্রহ, বিতরণ এবং নিরীক্ষাসহ আর্থিক জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এর ধারা ১৫ ও ১৫ ক এ বর্ণিত পদ্ধতিতে নিবন্ধন বহি এবং জন্ম বা মৃত্যু সনদ সংশোধনের প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান এবং ক্ষেত্র বিশেষে নিবন্ধন সনদ বাতিলকরণ সংক্রান্ত বিষয়াদি তত্ত্বাবধান;
- আইন, বিধি এবং সরকারী নির্দেশে অন্যান্য কার্যাবলী।

**অর্জনসমূহ:**

বিগত তিন অর্থবছরে Birth and Death Registration Information System (BDRIS)-এর মাধ্যমে ৫২৬০ টি নিবন্ধক কার্যালয়ে অনলাইনে জন্ম নিবন্ধন যথাক্রমে: ১০৮৭৬২৮৫ টি, ৭৭২৪৯২৪ টি ও ৮৯৮৫৮৯৩ টি এবং মৃত্যু নিবন্ধন: ৩৭০০২৪ টি, ৭৪৫৫৯০ টি ও ৭৮৩৭১৭ টি সম্পন্ন হয়েছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশ্লিষ্ট অংশীজনদের সমন্বয়ে BDRIS Software এর কারিগরি এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন-বিধির উপর ৭৪১৪ জন, ৫৫৮২ জন ও ৪৮০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিগত তিন অর্থবছরে জন্ম নিবন্ধন সংশোধন হয়েছে ১০৮৫৩৫২৩ টি, ৮১৬৫৮৯৪ টি ও ৮৬৩৩৭০৩ টি এবং মৃত্যু নিবন্ধন সংশোধন হয়েছে ৯১৩২ টি, ৬২৩৯ টি ও ৬২১৮ টি। বিগত তিন অর্থবছরে ১০৪৩ টি, ১৫২৫ টি ও ৩০৬৩ টি দ্বৈত জন্ম নিবন্ধন বাতিল করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে জন্ম ও মৃত্যু নিবন্ধনের BDRIS সিস্টেম ব্যবহার করে ১২৮৩৫৯৭ টি ইউনিক আইডি ভেরিফাই করা হয়েছে। বিগত তিন অর্থবছরে জন্ম ও মৃত্যু নিবন্ধন ফি বাবদ ১৩৬,৮১,৭৯,০০০ টাকা, ৬৩,৩৩,৪২,০০০ টাকা এবং ৮৩,০০,৭৫,২৫০ টাকা সরকারি কোষাগারে আয় হিসাবে জমা প্রদান করা হয়েছে। এ কার্যালয়ের BDRIS এবং ১৮ টি প্রতিষ্ঠানের সিস্টেমের সাথে সরাসরি তথ্য আদান প্রদানের জন্য ২৪ টি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। BDRIS সিস্টেমে হাসপাতালে জন্ম ও মৃত্যুবরণকারী ব্যক্তির নিবন্ধনের জন্য হাসপাতাল থেকে Notification প্রেরণ করা হয়। দেশের অভ্যন্তরে জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদের তথ্য সংশোধনের আবেদন দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির জন্য আইন অনুযায়ী সংশোধন ক্ষমতা মাঠ পর্যায়ে প্রদান করা হয়েছে। UID সৃজন কার্যক্রম পর্যবেক্ষণ করার জন্য এবং সমস্যা সমাধানের জন্য Rapid Response Team গঠন করা হয়েছে। নাগরিকগণ বা নিবন্ধন কার্যালয় নিবন্ধন কাজ সম্পাদন করতে গিয়ে সমস্যার সম্মুখীন হলে তাৎক্ষণিকভাবে এ কার্যালয়ের যোগাযোগ এবং সমাধানের জন্য কল সেন্টার (১৬১৫২) ও ই-মেইল চালু করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান জনবল কাঠামোর কর্মকর্তা/কর্মচারীদের বসার জন্য স্থানের অপ্রতুলতা, জনবল সংকট, BDRIS এর ডাটা Cleansing and De-Duplication এর মাধ্যমে তথ্যের শুদ্ধতা নিশ্চিতকরণ এবং শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিতকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

- রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান জনবল কাঠামোর কর্মকর্তা/কর্মচারীদের বসার জন্য পর্যাপ্ত স্থানের ব্যবস্থা করা।
- দেশের সকল নিবন্ধক ও নিবন্ধন সহকারীগণকে BDRIS এর ব্যবহার এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধন এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধন।
- এ কার্যালয়ের জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে ব্যবহৃত BDRIS সিস্টেমটি ব্যবহারকারী-বান্ধব (User-Friendly), নিরাপদ (Secured) ও শক্তিশালী (Robust) সিস্টেম তৈরির নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ হতে নীতিগত অনুমোদন পাওয়া গেছে। বিদ্যমান BDRIS-এর New Version তৈরির নিমিত্ত Need Assessment (Draw back/gap of existing system) এর জন্য স্টেকহোল্ডার কনসালটেশন কর্মশালা আয়োজন করা হবে। এছাড়া, বর্তমান সিস্টেমের ইউজারগণের মতামত গ্রহণপূর্বক তা সংকলনের মাধ্যমে নতুন সিস্টেমের Architectural Design এর খসড়া প্রস্তুত করা হবে।
- জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্য সংরক্ষণের জন্য নতুন সার্ভার, স্টোরেজ এবং সফটওয়্যার ক্রয়।
- BDRIS এর ডাটা Cleansing and De-Duplication এর মাধ্যমে তথ্যের শুদ্ধতা নিশ্চিতকরণ।
- শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিতকরণ।

# সংযোজনীসমুহ

## সংযোজনী ১ : শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ORGBDR | Office of Registrar General, Birth & Death Registration |
| ২ | BDRIS | Birth & Death Registration Information System |
| ৩ | SDGs | Sustainable Development Goals |
| ৪ | MoU | Memorandum of Understanding |
| ৫ | UID | Unique Identification |
| ৬ | CRVS | Civil Registration and Vital Statistics |

## সংযোজনী ২ : বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে)

| পরিকল্পনার ক্রমিক | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | নাগরিক সেবা প্রদান (জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধন, বাতিলসহ কারিগরি সেবা প্রদান) | ৫০০০ জন সেবা গ্রহীতাকে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধন, বাতিলসহ কারিগরি সেবা প্রদান। | ৬০০০ জন সেবা গ্রহীতাকে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধন, বাতিলসহ কারিগরি সেবা প্রদান। | ৭০০০ জন সেবা গ্রহীতাকে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধন, বাতিলসহ কারিগরি সেবা প্রদান। |
| ২ | জন্ম নিবন্ধন নিশ্চিতকরণ (জন্মের ১ (এক) বছরের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন) | জন্মের ১ (এক) বছরের মধ্যে শতকরা ৮০ ভাগ শিশুদের জন্ম নিবন্ধন | জন্মের ১ (এক) বছরের মধ্যে শতকরা ৯০ ভাগ শিশুদের জন্ম নিবন্ধন | জন্মের ১ (এক) বছরের মধ্যে শতকরা ১০০ ভাগ শিশুদের জন্ম নিবন্ধন |
| ৩ | মৃত্যু নিবন্ধন নিশ্চিতকরণ | মৃত্যুবরণকারী শতকরা ৬০ ভাগ মৃত ব্যক্তির মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা | মৃত্যুবরণকারী শতকরা ৬৫ ভাগ মৃত ব্যক্তির মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা | মৃত্যুবরণকারী শতকরা ৭০ ভাগ মৃত ব্যক্তির মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা |
| ৪ | দাপ্তরিক সেবা প্রদান | কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ভাতাসহ ছুটি ১০ কর্মদিবসের মধ্যে মঞ্জুর। | কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ভাতাসহ ছুটি ১০ কর্মদিবসের মধ্যে মঞ্জুর। | কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ভাতাসহ ছুটি ১০ কর্মদিবসের মধ্যে মঞ্জুর। |
| ৫ | সাংগঠনিক কাঠামো সংশোধন | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ। বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনে জনপ্রশাসনের অনুমোদন, অর্থ বিভাগে প্রেরণপূর্বক তা অনুমোদন, সচিব কমিটির অনুমোদন, অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের জিও জারী। | বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে সৃজিত নতুন পদে নিয়োগের ব্যবস্থা গ্রহণ। |
| ৬ | নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা প্রণয়ন/সংশোধন | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ সংশোধনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ সংশোধনের জন্য স্থানীয় সরকার বিভাগে সভা আয়োজন এবং চূড়ান্ত সংশোধনের আইন মন্ত্রণালয়ে প্রেরণ এবং আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিং প্রদান। | সংশোধনকৃত রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ চূড়ান্ত অনুমোদনপূর্বক গেজেট নোটিফিকেশন জারী এবং সংশোধিত নিয়োগ বিধিমালা অনুযায়ী নিয়োগ কার্যক্রম গ্রহণ। |

| পরিকল্পনার ক্রমিক | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ৭ | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধন | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধন প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ। | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধনকল্পে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশোধনের সুপারিশ আইন মন্ত্রণালয়ে প্রেরণ। | আইন মন্ত্রণালয় কর্তৃক জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধন চূড়ান্ত অনুমোদনের পরে গেজেট জারী। |
| ৮ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধন | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধনের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ। | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধনের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্টেকহোল্ডার সভা আয়োজন এবং সংশোধনের সুপারিশ আইন মন্ত্রণালয়ে প্রেরণ। | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধন আইন মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ এবং গেজেট জারী। |
| ৯ | সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর | এ কার্যালয়ের BDRIS এর সাথে ০২ টি প্রতিষ্ঠানের মধ্যকার সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর | এ কার্যালয়ের BDRIS এর সাথে ০২ টি প্রতিষ্ঠানের মধ্যকার সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর | এ কার্যালয়ের BDRIS এর সাথে ০২ টি প্রতিষ্ঠানের মধ্যকার সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর |
| ১০ | সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর নবায়ন | নবায়নযোগ্য সমঝোতা স্মারক (MoU) নবায়ন | নবায়নযোগ্য সমঝোতা স্মারক (MoU) নবায়ন | নবায়নযোগ্য সমঝোতা স্মারক (MoU) নবায়ন |
| ১১ | সরাসরি নিয়োগ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ১৪ টি শূন্য পদের মধ্যে ১ম শ্রেনির ০৩ টি পদে পিএসসি'র মাধ্যমে নিয়োগের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে অধিযাচন প্রেরণ এবং ৩য় ও ৪র্থ শ্রেণির ০৩ টি পদে সরাসরি নিয়োগের ব্যবস্থা গ্রহণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ১ম শ্রেনির ০৩ টি পদে পিএসসি'র মাধ্যমে নিয়োগের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে অধিযাচন প্রেরণ এবং ১ম শ্রেণির ০১ টি পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ব্যবস্থা গ্রহণ। | মহামান্য হাইকোর্টে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ৩য় শ্রেনির ০৪ টি পদের বিপরীতে মামলা বিচারাধীন থাকায় উক্ত মামলা নিষ্পত্তিপূর্বক নিয়োগের ব্যবস্থা গ্রহণ। |
| ১২ | পদোন্নতির মাধ্যমে নিয়োগ | এ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে কমপক্ষে ০১ টি পদে পদোন্নতি প্রদান। | এ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে কমপক্ষে ০১ টি পদে পদোন্নতি প্রদান। | এ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে কমপক্ষে ০১ টি পদে পদোন্নতি প্রদান। |
| ১৩ | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশ্লিষ্ট অংশীজনদের (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, ক্যান্টনমেন্ট বোর্ড, সিটি কর্পোরেশনের নিবন্ধক | ৫৫০০ জন নিবন্ধক এবং নিবন্ধন সহকারীগণকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, ক্যান্টনমেন্ট বোর্ড, সিটি কর্পোরেশন) | ৬০০০ জন নিবন্ধক এবং নিবন্ধন সহকারীগণকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, ক্যান্টনমেন্ট বোর্ড, সিটি কর্পোরেশন) | ৬৩০০ জন নিবন্ধক এবং নিবন্ধন সহকারীগণকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, ক্যান্টনমেন্ট বোর্ড, সিটি কর্পোরেশন) |

| পরিকল্পনার ক্রমিক | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | এবং নিবন্ধন সহকারীগণ) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান |
| ১৪ | বিলবোর্ড/হোর্ডিং স্থাপন | দেশের বিভাগীয় শহরের উল্লেখযোগ্য স্থানে জন্ম ও মৃত্যু নিবন্ধন নির্দেশনা সম্বলিত ০৮ টি বিলবোর্ড/হোর্ডিং স্থাপন | দেশের বিভাগীয় শহর/জেলা শহরের উল্লেখযোগ্য স্থানে জন্ম ও মৃত্যু নিবন্ধন নির্দেশনা সম্বলিত ১২ টি বিলবোর্ড/হোর্ডিং স্থাপন | দেশের বিভাগীয় শহর/জেলা শহরের উল্লেখযোগ্য স্থানে জন্ম ও মৃত্যু নিবন্ধন নির্দেশনা সম্বলিত ৬৪ টি বিলবোর্ড/হোর্ডিং স্থাপন |
| ১৫ | বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন প্রকাশ | এ কার্যালয়ের তথ্য সম্বলিত ০১ টি বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন প্রকাশ | এ কার্যালয়ের তথ্য সম্বলিত ০১ টি বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন প্রকাশ | এ কার্যালয়ের তথ্য সম্বলিত ০১ টি বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন প্রকাশ |
| ১৬ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণে প্রেরণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণে ০৫ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রেরণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণে ০৫ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রেরণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণে ০৫ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রেরণ। |
| ১৭ | স্টেকহোল্ডারদের সমন্বয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা/সেমিনার আয়োজন | স্টেকহোল্ডারদের সমন্বয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২৪ টি কর্মশালা/সেমিনার আয়োজন | স্টেকহোল্ডারদের সমন্বয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৩০ টি কর্মশালা/সেমিনার আয়োজন | স্টেকহোল্ডারদের সমন্বয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৩৬ টিকর্মশালা/সেমিনার আয়োজন |
| ১৮ | উদ্ভাবনী ধারণা (জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে ডিজিটাল সিগনেচার প্রদান) | জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে ৫০ টি ডিজিটাল সিগনেচার প্রদান | জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে ১০০ টি ডিজিটাল সিগনেচার | জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে ১৫০ টি ডিজিটাল সিগনেচার |
| ১৯ | অফিস স্পেস বরাদ্দ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান জনবলের (৪২ জনের) বসার জন্য বরাদ্দকৃত ০৭ টি কক্ষ যথোপযুক্ত না হওয়ায় আরো কয়েকটি কক্ষের জন্য স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সরকারি | - | - |

| পরিকল্পনার ক্রমিক | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | | আবাসন অধিদপ্তরের পত্র প্রেরণ। | | |
| ২০ | BDRIS এর নতুন ভার্সন চালু | এ কার্যালয়ের জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে ব্যবহৃত BDRIS সিস্টেমটি ব্যবহারকারী-বান্ধব (User-Friendly), নিরাপদ (Secured) ও শক্তিশালী (Robust) সিস্টেম তৈরির ডিপিপি অনুমোদন। | BDRIS এর নতুন ভার্সন চালুসহ সিস্টেমের ডেভেলপমেন্টের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | বিদ্যমান BDRIS-এর New Version চালুকরণ। |
| ২১ | প্রশিক্ষণ কক্ষের ব্যবস্থা | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এবং BDRIS সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কক্ষ বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সরকারি আবাসন অধিদপ্তরের পত্র প্রেরণ। | প্রশিক্ষণ কক্ষ প্রস্তুতসহ চালুকরণ | - |
| ২২ | Dashboard তৈরি | BDRIS এর Dashboard নকশা প্রণয়ন | BDRIS এর Dashboard চালুকরণ | - |

## সংযোজনী ৩ : কর্মসম্পাদনের প্রমাণক

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ১ | নাগরিক সেবা প্রদান (জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধন, বাতিলসহ কারিগরি সেবা প্রদান) | সেবা প্রদানের ম্যানুয়াল/অনলাইন রিপোর্ট |
| ২ | জন্ম নিবন্ধন নিশ্চিতকরণ (জন্মের ১ (এক) বছরের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন) | সিস্টেম জেনারেটেড অনলাইন রিপোর্ট |
| ৩ | মৃত্যু নিবন্ধন নিশ্চিতকরণ | সিস্টেম জেনারেটেড অনলাইন রিপোর্ট |
| ৪ | শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর | শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরের আদেশ |
| ৫ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ। বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের পত্র। |
| ৬ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ সংশোধনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ সংশোধনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের পত্র। |
| ৭ | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধনের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ। | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধনের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের পত্র। |
| ৮ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধনের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ। | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধনের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের পত্র। |
| ৯ | ০২ টি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর | সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের কপি |
| ১০ | এ কার্যালয়ের সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) নবায়ন | সমঝোতা স্মারক (MoU) নবায়নের কপি |
| ১১ | সরাসরি নিয়োগ | সরাসরি নিয়োগের প্রমাণকসমূহ |
| ১২ | পদোন্নতির মাধ্যমে নিয়োগ | পদোন্নতির মাধ্যমে নিয়োগের প্রমাণকসমূহ |
| ১৩ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারীগণকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এবং BDRIS সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদান। | প্রশিক্ষণের নোটিশ, হাজিরা |
| ১৩ | পৌরসভার মেয়র, পৌর নির্বাহী কর্মকর্তাগণকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এবং BDRIS সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদান। | প্রশিক্ষণের নোটিশ, হাজিরা |
| ১৩ | সিটি কর্পোরেশনের মেয়র, কাউন্সিলর এবং নিবন্ধন সহকারীগণকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এবং BDRIS সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদান। | প্রশিক্ষণের নোটিশ, হাজিরা |
| ১৪ | বিলবোর্ড/হোর্ডিং স্থাপন | সংশ্লিষ্ট বিভাগ/জেলায় প্রেরিত পত্রের কপিসহ স্থাপিত বিলবোর্ড/হোর্ডিং-এর ছবিসহ প্রাপ্তিস্বীকার |
| ১৫ | বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন প্রকাশ | বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদনের কপি |
| ১৬ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণে প্রেরণ। | প্রশিক্ষণে মনোনয়নের আদেশ |

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ১৭ | স্টেকহোল্ডারদের সমন্বয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা/সেমিনার আয়োজন | কর্মশালা/সেমিনারের নোটিশ, হাজিরা |
| ১৮ | জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে ডিজিটাল সিগনেচার প্রদানের ব্যবস্থা গ্রহণ। | প্রয়োজনীয় কাগজপত্র |
| ১৯ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিদ্যমান জনবলের (৪২ জনের) বসার জন্য বরাদ্দকৃত ০৭ টি কক্ষ যথোপযুক্ত না হওয়ায় আরো কয়েকটি কক্ষের জন্য স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সরকারি আবাসন অধিদপ্তরে পত্র প্রেরণ। | স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সরকারি আবাসন অধিদপ্তরে পত্র প্রেরণের কপি |
| ২০ | এ কার্যালয়ের জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে ব্যবহৃত BDRIS সিস্টেমটি ব্যবহারকারী-বান্ধব (User-Friendly), নিরাপদ (Secured) ও শক্তিশালী (Robust) সিস্টেমের ডেভেলপমেন্টের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | সিস্টেমের ডেভেলপমেন্টের জন্য বাস্তবায়নযোগ্য ডকুমেন্টসমূহ |
| ২১ | জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এবং BDRIS সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ কক্ষের ব্যবস্থা | প্রশিক্ষণ কক্ষের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র প্রেরণ |
| ২২ | BDRIS এর Dashboard তৈরি | Dashboard তৈরির নিমিত্ত বাস্তবায়নযোগ্য ডকুমেন্টসমূহ |

## সংযোজনী ৪ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১ | নতুন পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগে প্রেরণ | জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় | পদ সৃজনের প্রস্তাব প্রেরণ |
| ২ | নিয়োগ বিধিমালা/ প্রবিধানমালা প্রণয়ন/সংশোধনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | জনপ্রশাসন মন্ত্রণালয় ও লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | নিয়োগ বিধিমালার প্রস্তাব প্রেরণ |
| ৩ | সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে শূন্য পদ পূরণ | জনপ্রশাসন মন্ত্রণালয় | পদোন্নতি কমিটির সভা |

তুষার কান্তি মল্লিক
হিসাব রক্ষক
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ।

২৭/০১/২০২৬

মো. আখতার জামিল
সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন ও অর্থ)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ